গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা- ১২১২।
www.dgme.gov.bd

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩৩.০০১.২০২৫- ১১২৮

তারিখ: ১০ নভেম্বর, ২০২৫ খ্রি.

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে বাংলাদেশের সরকারি ও অনুমোদিত বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহে এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য বাংলাদেশি শিক্ষার্থী যারা বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি ও এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ন হয়েছেন এবং মার্কসীটসমূহ বাংলাদেশের প্রচলিত জিপিএ-তে রূপান্তর করে 'নম্বর সমতাকরণ সনদপত্র' (Equivalence Certificate) গ্রহণে আগ্রহী তাদেরকে আগামী **১১.১১.২০২৫ খ্রি. তারিখ হতে ১৮.১১.২০২৫ খ্রি.** তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এর চিকিৎসা শিক্ষা শাখায় (স্বাস্থ্য অধিদপ্তরের পুরাতন ভবনের ২য় তলায় অবস্থিত ২০৪ নং কক্ষে) নম্বর সমতাকরণের আবেদনসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

শর্তাবলী:

১. আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

২. আবেদনকারীকে বিজ্ঞান বিভাগে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান দুইটি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। দুইটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.৫০ পয়েন্ট হতে হবে। তবে এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ ৪.০০ পয়েন্ট এর কম থাকলে আবেদনের জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

৩. ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে অনুষ্ঠিতব্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীকে ২০২৪ সাল অথবা ২০২৫ সালে এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ হতে হবে।

৪. ২০২২ সালের পূর্বে এসএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ শিক্ষার্থীগণ আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।

৫. শিক্ষার্থীকে এসএসসি/'ও' লেভেল/ সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগসহ অবশ্যই পদার্থ বিজ্ঞান (Physics), রসায়ন (Chemistry) ও জীববিজ্ঞান (Biology) পাঠ্য থাকতে হবে এবং জীববিজ্ঞানে (Biology) নূন্যতম গ্রেড পয়েন্ট ৩.৫০ থাকতে হবে; পশ্চাদপদ জনগোষ্ঠী অর্থাৎ সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষা দুইটিতে সর্বনিম্ন মোট জিপিএ ৮.০০ পয়েন্ট এবং জীববিজ্ঞানে (Biology) জিপিএ ৩.৫০ পয়েন্ট থাকতে হবে। তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৪.০০ পয়েন্ট এর কম থাকলে আবেদনের জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

৬. শিক্ষার্থীদের নম্বর সমতাকরণের ক্ষেত্রে নম্বর পত্রসমূহ এবং প্রযোজ্য ক্ষেত্রে নিউমেরিক্যাল গ্রেড বা এলফাবেটিক গ্রেড বিবেচিত হবে। উল্লেখ্য যে, দেশি শিক্ষার্থীদের মধ্যে যারা 'ও' লেভেল এবং 'এ' লেভেল পরীক্ষায় উত্তীর্ণ হয়ে জাতীয় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক তাদের নম্বরপত্র এবং সনদ ইস্যুকারী কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।

৭. বাংলাদেশী নাগরিক যারা বিদেশ হতে এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার উর্ত্তীন হয়েছেন, তাদের O' Level এবং A' level বা সমমান পরীক্ষার সনদ ও নম্বর পত্রের ছায়ালিপি সমূহ সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাস অথবা বাংলাদেশে অবস্থিত উক্ত দেশের দূতাবাস এবং পররাষ্ট্র মন্ত্রনালয়, ঢাকা, বাংলাদেশ কর্তৃক আবশ্যিকভাবে সত্যায়িত/ভ্যারিফাইড হতে হবে।

৮. নম্বর সমতাকরণ ফি ২০০০.০০ (দুই হাজার) টাকা পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা; বরাবর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে। (Bank Account Name: Director, Medical Education, DGME, Mohakhali, Dhaka, Bangladesh).

৯. নম্বর সমতাকরণের আবেদনপত্র যথাযথভাবে পূরণ করতে হবে, যা এই বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত রয়েছে এবং স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে পাওয়া যাবে। যথাযথভাবে আবেদন পূরণ না করা হলে বা আনুষাঙ্গিক কাগজপত্র অসম্পূর্ন থাকলে (বিজ্ঞপ্তির শর্ত প্রযোজ্য) আবেদন বাতিল বলে গণ্য হবে।

১০. '২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা' অনুযায়ী নম্বর সমতাকরণ সনদ (Equivalence Certificate) প্রদান করা হবে। নম্বর সমতাকরণ সংক্রান্ত বিষয়ে 'সমতা নির্ধারণী কমিটি'র সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

**নম্বর সমতাকরণের জন্য আবেদনপত্রের সাথে যে দলিলাদি দাখিল করতে হবে:**

ক) এসএসসি/O' Level/সমমান এবং এইচএসসি/A' level সমমান পরীক্ষার পাশের মূল সনদপত্র এবং মূল নম্বর পত্র।
খ) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সকল সনদ ও নম্বরপত্রসমূহের সত্যায়িত ছায়ালিপি।
গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন পত্র/পাসপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) এর ছায়ালিপি।
ঘ) সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজ ছবি।
ঙ) নম্বর সমতাকরণ ফি প্রদানের প্রমানক হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

এতে যথাযথ কর্তৃপক্ষের সম্মতি রয়েছে।

১০/১১/২০২৫

**অধ্যাপক ডা. মোঃ মহিউদ্দিন মাতুব্বর**
পরিচালক (চিকিৎসা শিক্ষা) এবং
সদস্য সচিব, এমবিবিএস-বিডিএস ভর্তি কমিটি ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষ
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ফোন : ৪৮৮১১২০০; Email: medicaledu313@gmail.com

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. পররাষ্ট সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা। [দৃঃ আঃ পরিচালক (আর্ন্তজাতিক সংস্থাসমূহ)]
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। (দৃঃ আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)
৩. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। [দৃষ্টি আকর্ষণ: সহকারি পরিচালক (প্রশাসন)]
৪. সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ৮৬, বিজয়নগর, ঢাকা।
৫. অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপ-সচিব (চিকিৎসা শিক্ষা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপ-পরিচালক (সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১০. সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিজ্ঞপ্তি স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১. সহকারি পরিচালক (সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১২. অফিস কপি।

| PHOTO<br>2 copies |
|---|

To
The Director General of Medical Education
Directorate General of Medical Education (DGME)
Mohakhali, Dhaka-1212.

*Attention: Director (Medical Education), DGME, Mohakhali,Dhaka-1212.*

**Subject: Application for equivalence certificate for MBBS-BDS Admission test (2025-2026).**

Dear Sir,
With due respect I would like to submit my all necessary documents for equivalence certificate. To the best of my knowledge information & attached documents are complete and correct. Any lawful penalty may be imposed upon me along with cancellation of equivalence certificate if any incorrect/false information/documents is found.

1. Full Name (Sl.No. 1 to 3 in block letters) :
2. Father's Name :
3. Mother's Name :
4. Nationality :
5. Date of birth :
6. Birth Registration No./NID :
7. Equivalence certificate is necessary for : MBBS-BDS
8. Session : (2025-2026)
9. Academic Qualification:

| Name of the certificate obtained | Year | Name of the Institute/board/university |
|---|---|---|
| "O" Level/ | | |
| "A'" Level/ | | |

Sincerely yours,

| |
|---|
| Signature : |
| Full Name : |
| Date : |
| Cell Phone No.: |
| Email address : |
| Bank pay order/demand draft number: |
| Present address: |
| Name & full address of contact person in case of emergency |
| |

**পে-অর্ডার/ব্যাংক ড্রাফট:** পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর,মহাখালী, ঢাকা; বরাবর ২,০০০/- (দুই হাজার) টাকার (Bank Account Name: Director, Medical Education, DGME, Mohakhali, Dhaka, Bangladesh.